

অ্যাপার্টমেন্টগুলিতে কর্মরত কর্মীদের বিষয়ে COVID-19 সংক্রান্ত আপডেট

প্রিয় বাসিন্দা,

আমাদের বাসিন্দা ও কর্মীদের নিরাপত্তা হল আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার। নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ (New York City Housing Authority, NYCHA) করোনাভাইরাস (COVID-19) এর ওপরে নজরদারীর জন্য NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগের (Department of Health and Mental Hygiene) সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করে চলেছে, এবং কর্তৃপক্ষ অ্যাপার্টমেন্টে পরিদর্শনের সময় যে সব নতুন পদক্ষেপগুলি গ্রহণ করছে, তাদের নির্দেশনার ভিত্তিতে আমরা আপনাকে সেগুলির বিষয়ে জানাতে চাই।

NYCHA কর্মীরা আপনার অ্যাপার্টমেন্টে প্রবেশ করার আগে নিম্নলিখিত সতর্কতামূলক পদক্ষেপগুলি নেবেন, যা অবিলম্বে কার্যকর:

আপৎকালীন নয় এমন মেরামত বা পরিদর্শনগুলির ক্ষেত্রে NYCHA কর্মীরা জিজ্ঞাসা করবেন যে পরিবারের কারও জ্বর, কাশি বা শ্বাসকষ্ট আছে কিনা অথবা কারও COVID-19 নিশ্চিতভাবে ধরা পড়েছে কিনা। কোনো বাসিন্দা এই প্রশ্নের উত্তরে "হ্যাঁ" বললে, তাকে গ্রাহক যোগাযোগ কেন্দ্রে ফোন করে বা MyNYCHA এ গিয়ে সাক্ষাতের সময়সূচিটি 14 দিন পরে অথবা সবাই ভাল বোধ করার পরে পুনঃস্থির করতে বলা হবে।

কোনো আপৎকালীন মেরামতের জন্য (যেমন গ্যাস/জল/পানি লীক হওয়া, স্টেপেজ ইত্যাদি) NYCHA কর্মীরা একই প্রশ্ন জিজ্ঞাসা করবেন। যদি কোনো বাসিন্দা এই প্রশ্নের উত্তরে “হ্যাঁ” বলেন, তাহলে তাকে এগুলি করতে বলা হবে:

1. আপৎকালীন মেরামতটি সম্পূর্ণ না হওয়া পর্যন্ত দরজা বন্ধ রেখে একটি আলাদা ঘরে থাকা (যেখানে সম্ভব); অথবা
2. যদি একটি আলাদা ঘর না থাকে, সেই ক্ষেত্রে আপৎকালীন মেরামতটি সম্পূর্ণ না হওয়া পর্যন্ত কর্মীদের থেকে কমপক্ষে ছয় ফুটের দূরত্ব বজায় রাখা।

আপনি যদি প্রশ্নগুলির উত্তর না দেওয়ার সিদ্ধান্ত নেন এবং/বা ওপরের নির্দেশগুলি না মানতে চান, তাহলে NYCHA অ্যাপয়েন্টমেন্টের নতুন সময়সূচি স্থির করবেন।

অনুগ্রহ করে আরও অবহিত থাকুন যে মেরামত করার জন্য আপনার অ্যাপয়েন্টমেন্টে পরিদর্শনরত NYCHA কর্মী আপনার অ্যাপার্টমেন্টে কাজ করার সময় মাস্ক বা দস্তানা পরে থাকতে পারেন। মেরামতের সময় হাওয়া চলাচল বাড়ানোর জন্য তারা আপনার অ্যাপার্টমেন্টের জানলাগুলি খুলে দিতেও বলতে পারেন।

আমাদের NYCHA জনসমাজগুলিকে নিরাপদ রাখার জন্য আমরা এই গুরুত্বপূর্ণ পদক্ষেপগুলি গ্রহণ করছি। আমরা আপনাকে COVID-19 এর বিষয়ে সাম্প্রতিক তথ্য দেওয়া চালিয়ে যাব, সেগুলি যেমন যেমন ঘটতে থাকবে। আপনার কোন প্রশ্ন বা উদ্বেগ থাকলে, অনুগ্রহ করে গ্রাহক যোগাযোগ কেন্দ্র (Customer Contact Center, CCC)-কে 718-707-7771 নম্বরে ফোন করুন।

COVID-19 সম্বন্ধে আরো তথ্যের জন্য nyc.gov/coronavirus দেখুন।

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ,

Greg Russ

চেয়ার ও চিফ এক্সিকিউটিভ অফিসার (Chair & Chief Executive Officer)

Vito Mustaciuolo

জেনারেল ম্যানেজার (General Manager)